# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং-১০(২২৫)জাতীঃবিঃ/রেজিঃ/একা:/২০১৮/অংশ-২/ ২৮৭১ তারিখ: ২৮/১১/২০২৩

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপে অনলাইন আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপে অনলাইন আবেদন ২৮ নভেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ১ম রিলিজ স্লিপে আবেদন করতে হবে। কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না। উল্লেখ্য যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ১ম/২য়/কোটার মেধা তালিকায় ভর্তিকৃত কোন শিক্ষার্থী ১ম রিলিজ স্লিপে আবেদন করতে ইচ্ছুক হলে, তাকে অবশ্যই ০৩ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে রিলিজ স্লিপে আবেদন করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর **Prospectus (Degree Pass)/Important Notice** অপশন থেকে জানা যাবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপে অনলাইন আবেদনের তারিখ:<br>ক) রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশনে **Degree Pass Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে।<br>খ) এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক **College Selection Option** এ গিয়ে যে কোন কলেজ **Select** করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য **(Eligible)** কোর্সে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য **(Eligible)** কোর্সের পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী পাঁচটি কলেজে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে।<br>গ) আবেদনকারীকে রিলিজ স্লিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না ও কোন ফি প্রদান করতে হবে না ।<br>ঘ) সংশ্লিষ্ট কলেজ কর্তৃক রিলিজ স্লিপের আবেদন অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। | ২৮/১১/২০২৩<br>থেকে<br>০৫/১২/২০২৩ |

২৮.১১.২০২৩
(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮
ইমেইল: *degpassnu@gmail.com*

স্মারক নং-১০(২২৫)জাতীঃবিঃ/রেজিঃ/একা:/২০১৮/অংশ-২/ ২৮৭১ তারিখ: ২৮/১১/২০২৩

অনুলিপি:
১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

২৮.১১.২০২৩
(মোহাম্মদ হোসেন)
উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪